LankaBangla®
SECURITIES

দৈনিক সংবাদ সংক্ষেপ

বুধবার ১৪ই ফেব্রুয়ারি **২০১৮ ইং**

শেনঝেন-সাংহাই কনসোর্টিয়ামের পক্ষেই ডিএসই

নানামুখী চাপ সত্ত্বেও শেষ পর্যন্ত কৌশলগত মালিকানা ইস্যুতে সর্বোচ্চ দর হাঁকা শেনঝেন-সাংহাই স্টক এক্সচেঞ্জের কনসোর্টিয়ামকেই চূড়ান্ত করার পক্ষে ঢাকা স্টক এক্সচেঞ্জ (ডিএসই)। তিন দিন ধরেই এ ইস্যুতে সরগরম ডিএসই। এ নিয়ে দফায় দফায় এক্সচেঞ্জটির সদস্য ও ম্যানেজমেন্টের মধ্যে আলোচনাও চলছে। কিন্তু কোনোভাবেই নিয়মের ব্যত্যয় ঘটিয়ে সর্বনিম্ন দরপ্রস্তাবকারী ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অব ইন্ডিয়ার (এনএসই) কনসোর্টিয়ামকে কৌশলগত মালিকানা দিতে নারাজ তারা। ১৯ ফেব্রুয়ারি অনুষ্ঠেয় পর্ষদ সভার পরই আনুষ্ঠানিকভাবে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনকে (বিএসইসি) নিজেদের সিদ্ধান্ত জানিয়ে দেবে ডিএসই। স্টক এক্সচেঞ্জ, শেয়ারহোল্ডার ও সামগ্রিকভাবে পুঁজিবাজারের উন্নয়নে নিয়মানুসারে সর্বোচ্চ দর হাঁকা কনসোর্টিয়ামকেই কৌশলগত বিনিয়োগকারী করতে ঐক্যবদ্ধ ডিএসইর সদস্যরা। তারা বলছেন, নিয়মবহির্ভূতভাবে সর্বনিম্ন দরপ্রস্তাবকারীকে কৌশলগত বিনিয়োগকারী হিসেবে বেছে নিলে তা একটি খারাপ দৃষ্টান্ত হবে। এতে ডিএসইর ২৫০ জন শেয়ারধারী সদস্য বঞ্চিত হবেন। আর্থিক, কারিগরি ও কৌশলগত দিক বিবেচনায় এনএসইর তুলনায় শেনঝেন-সাংহাই কনসোর্টিয়ামকেই এগিয়ে রাখছেন তারা।http://bonikbarta.net

লংকাবাংলার মুনাফায় প্রবৃদ্ধি ১৪২%

৩১ ডিসেম্বর সমাপ্ত ২০১৭ হিসাব বছরে ব্যবসায় চমক দেখিয়েছে লংকাবাংলা ফিন্যান্স লিমিটেড। সর্বশেষ হিসাব বছরে প্রতিষ্ঠানটির কর-পরবর্তী সমন্বিত মুনাফা আগের বছরের তুলনায় ১৪২ শতাংশ বেড়েছে। আগের বছরের তুলনায় আমানতের পরিমাণ ২৯ শতাংশ বৃদ্ধির পাশাপাশি রিটেইল ও এসএমই খাতে ঋণের প্রবৃদ্ধি হয়েছে যথাক্রমে ৫৩ ও ৯১ শতাংশ। সমাপ্ত বছরে শেয়ারহোল্ডারদের জন্য নগদ ও বোনাস মিলিয়ে ১৫ শতাংশের সুপারিশ করেছে ব্যাংকবহির্ভূত আর্থিক প্রতিষ্ঠান খাতের কোম্পানিটি। কোম্পানির কর্মকর্তারা বলছেন, ২০১৭ সালে দেশের আর্থিক খাত নানা প্রতিকূলতার মধ্য দিয়ে গেলেও সর্বোত্তম গ্রাহকসেবার কারণে লংকাবাংলা তাদের ব্যবসার প্রতিটি খাতেই সাফল্য পেয়েছে। পুঁজিবাজারে ঋণাত্মক ইকুইটির ধাক্কা কাটিয়ে সর্বশেষ হিসাব বছরে মুনাফা পেয়েছে মার্চেন্ট ব্যাংকিং সাবসিডিয়ারি লংকাবাংলা ইনভেস্টমেন্টস লিমিটেড। ব্রোকারেজ সেবার বাজারে লংকাবাংলা সিকিউরিটিজ লিমিটেড ১ নম্বর অবস্থান ধরে রাখার পাশাপাশি সম্পদ ব্যবস্থাপনা ব্যবসায়ও আগের চেয়ে ভালো করেছে লংকাবাংলা অ্যাসেট ম্যানেজমেন্ট লিমিটেড।http://bonikbarta.net

সিঙ্গাপুরের সঙ্গে এফটিএ করবে বাংলাদেশ

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, বাংলাদেশ সরকার রফতানি বাণিজ্য সম্প্রসারণের লক্ষ্যে বিভিন্ন দেশের সঙ্গে মুক্ত বাণিজ্য চুক্তি (এফটিএ) করছে। প্রয়োজন হলে বাংলাদেশ সিঙ্গাপুরের সঙ্গে এফটিএ করার বিষয়ে চিন্তা করবে। গতকাল সিঙ্গাপুরে বাংলাদেশ বিজনেস চেম্বার সিঙ্গাপুর আয়োজিত ‘সেমিনার টু প্রমোট ট্রেড অ্যান্ড কমার্স বিটুইন বাংলাদেশ অ্যান্ড সিঙ্গাপুর’ শীর্ষক এক ব্যবসায়িক সম্মেলনে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। বাংলাদেশ বিজনেস চেম্বার সিঙ্গাপুরের প্রেসিডেন্ট মো.

শহিদুজ্জামানের সভাপতিত্বে সেমিনারে সিঙ্গাপুরে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মো. মোস্তাফিজুর রহমানসহ সিঙ্গাপুরের ব্যবসায়ী, বিনিয়োগকারী ও দেশটিতে সিঙ্গাপুরে বাংলাদেশী ব্যবসায়ী প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। সেমিনারে বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেন, বাংলাদেশের বিপুলসংখ্যক পর্যটক সিঙ্গাপুরে আসেন। বাংলাদেশও সিঙ্গাপুরের নাগরিকদের জন্য ভালো পর্যটন গন্তব্য হতে পারে। এজন্য বাংলাদেশ সরকার বিশেষ উদ্যোগ গ্রহণ করবে, যেন সিঙ্গাপুরের পর্যটকরা বাংলাদেশে যেতে আগ্রহী হন। এক্ষেত্রে উভয় দেশের ব্যবসায়ীদের দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে। http://bonikbarta.net

আরো ১০০ কোটি টাকা পেল প্রবাসী কল্যাণ ব্যাংক

দ্রুততম সময়ের মধ্যে তফসিলি ব্যাংক হিসেবে কার্যক্রম পরিচালনা করতে যাচ্ছে প্রবাসী কল্যাণ ব্যাংক। তফসিলি ব্যাংক হতে প্রয়োজনীয় পরিশোধিত মূলধন পুনর্গঠনের জন্য ব্যাংকটিকে আরো ১০০ কোটি টাকা দিয়েছে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড। গতকাল রাজধানীর ইস্কাটনে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষে চেক প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন প্রবাসী কল্যাণমন্ত্রী নুরুল ইসলাম। http://bonikbarta.net

২০ হাজার কোটি ডলারের অবকাঠামো পরিকল্পনা ট্রাম্পের

যুক্তরাষ্ট্রের অবকাঠামো খাত পুনর্গঠনে এক উচ্চাকাঙ্ক্ষী প্রস্তাবনা প্রকাশ করেছেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ২০১৯ অর্থবছরের বাজেটে এ প্রস্তাব যোগ করা হয়েছে। দেশের রাস্তা, সেতু ও বিমানবন্দরগুলো সংস্কারে আগামী এক দশকের জন্য কেন্দ্রীয় তহবিলে ২০ হাজার কোটি ডলার বরাদ্দ দিতে চান ট্রাম্প। এজন্য কমবে সমাজসেবা ভাতা, বাড়বে স্থানীয় কর, নানা রকম ফি ও টোল। এ অবস্থায় ট্রাম্পের পরিকল্পনাটিকে রীতিমতো ‘কেলেঙ্কারি’ হিসেবে উল্লেখ করেছেন সমালোচকরা। খবর এএফপি, বিবিসি ও গার্ডিয়ান। ।http://bonikbarta.net

কাতারকে দেয়া ঋণ নিয়ে বার্কলেসের বিরুদ্ধে নতুন অভিযোগ

২০০৮ সালের আর্থিক সংকটের সময় কাতারকে দেয়া ৩০০ কোটি ডলারের বেশি ঋণ নিয়ে ব্রিটিশ আর্থিক প্রতিষ্ঠান বার্কলেসের বিরুদ্ধে দ্বিতীয়বারের মতো অভিযোগ এনেছে ব্রিটেনের অর্থ-সংক্রান্ত প্রতারণার নজরদারি সংস্থা সিরিয়াস ফ্রড অফিস (এসএফও)। এবার বার্কলেসের ব্যাংকিং শাখার বিরুদ্ধে অভিযোগ এনেছে এসএফও। আর্থিক সংকটের চূড়ান্ত পর্যায়ে ব্যাংকের পতন ঠেকাতে বিধিবহির্ভূত ঋণ সুবিধার বিনিময়ে সে সময় মধ্যপ্রাচ্যের বিনিয়োগকারীরা বিনিয়োগ করে বলে অভিযোগ করা হয়েছে। খবর গার্ডিয়ান ও ব্লুমবার্গ।http://bonikbarta.net

জ্বালানি তেলের বৈশ্বিক চাহিদা বাড়বে ১.৬৪%

বৈশ্বিক অর্থনৈতিক অগ্রগতির সঙ্গে পাল্লা দিয়ে জ্বালানি ব্যবহারে প্রবৃদ্ধি বাড়ছে। এ ধারাবাহিকতায় চলতি বছর বিশ্বব্যাপী অপরিশোধিত জ্বালানি তেলের ব্যবহার আগের বছরের তুলনায় ১ দশমিক ৬৪ শতাংশ বাড়তে পারে। জ্বালানি পণ্যটির রফতানিকারকদের জোট অর্গানাইজেশন অব দ্য পেট্রোলিয়াম এক্সপোর্টিং কান্ট্রিজের (ওপেক) সর্বশেষ মাসভিত্তিক প্রতিবেদনে এ পূর্বাভাস দেয়া হয়েছে। এমনকি ২০১৮ সালে জ্বালানি পণ্যটির বৈশ্বিক ব্যবহার প্রবৃদ্ধি প্রতিষ্ঠানটির আগের প্রাক্কলনের তুলনায় বেশি হবে বলেও প্রতিবেদনে উল্লেখ করেছে ওপেক। খবর সিনহুয়া ও রয়টার্স।http://bonikbarta.net